

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে 'প্রকিউরমেন্ট এন্ড ই-জিপি টেন্ডার প্রসিডিউর'

বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'প্রকিউরমেন্ট এন্ড ই-জিপি টেন্ডার প্রসিডিউর' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৫ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। আইকিউএসি সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

কর্মশালায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্ববিদ্যালয়ের যে কোন আর্থিক কার্যক্রম স্বচ্ছতা এবং জবাবদিহিতার মাধ্যমে করতে হবে। এক্ষেত্রে আমাদের সক্ষমতা আরও বাড়াতে হবে এবং যথাযথ উপায়ে বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। আশা করছি, আজকের এ কর্মশালার মাধ্যমে অংশগ্রহণকারীদের ই-জিপি সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা তৈরী হবে ও পেশাগত দক্ষতা বৃদ্ধি পাবে। আইকিউএসিকে এ ধরনের কর্মশালা আয়োজনের জন্য ধন্যবাদ জানাই।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। কর্মশালায় কি-নোট স্পিকার ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ডেপুটি ডিরেক্টর (ফাইন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) আবু সাইদ মজুমদার। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় এতে আলোচক হিসেবে ছিলেন নোবিপ্রবি প্রধান প্রকৌশলী মোঃ জামাল হোসেন। উক্ত কর্মশালায় নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪